



স্মারক নং-৪৬.০৩.৮৯০০.০৬১.১৬.০৭৫.১৬-১৪০৬

তারিখঃ ২৫/০৬/২০২৪ খ্রিঃ।

প্রেরকঃ নির্বাধী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
শেরপুর জেলা, শেরপুর।

প্রাপকঃ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের শেরপুর জেলার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ৪৯৪, তারিখঃ ২০/০৩/২০২৪ খ্রিঃ।

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শেরপুর জেলার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) আপনার প্রেরিত ছক মোতাবেক প্রস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সফট কপি ই-মেইল (dpheapa18@gmail.com) এ এবং হার্ডকপি ডাকযোগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ছক-১৯ পাতা।

২৫/০৬/২৪
(মুহাম্মদ ছামিউল হক)
নির্বাধী প্রকৌশলী
২৫/০৬/২৪

স্মারক নং-৪৬.০৩.৮৯০০.০৬১.১৬.০৭৫.১৬-১৪০৬/১
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

তারিখঃ ২৫/০৬/২০২৪ খ্রিঃ।

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ সার্কেল, ময়মনসিংহ।

২৫/০৬/২৪
(মুহাম্মদ ছামিউল হক)
নির্বাধী প্রকৌশলী
২৫/০৬/২৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শেরপুর জেলা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৪ - ৩০ জুন ২০২৫

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
প্রস্তাবনা	০৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	০৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	০৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	০৭-১০
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১২
সংযোজনী ৩: অন্য অফিসেরসঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৩
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৪-১৫
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৬
সংযোজনী ৬: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৭
সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৮
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৯

কর্ম সম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯৩৫ সালে প্রতিষ্ঠা করা হয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। অধিদপ্তর প্রতিষ্ঠার শুরু থেকেই শেরপুর জেলার কার্যক্রম শুরু হয়। শেরপুর জেলার পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্যসম্মত স্যানিটেশন কার্যক্রম জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন জেলা ইউনিট নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা ইউনিট সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হয়।

বিগত তিন বছরে শেরপুর জেলায় পল্লী ও পৌর এলাকায় ৪০৫৬ টি বিভিন্ন ধরনের পানির উৎস, ১০ টি উৎপাদক নলকূপ, ৯০টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন, ৫০ টি কমিউনিটি ভিত্তিক স্মল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম, ৪৫.৯০কিঃমিঃ পাইপ লাইন স্থাপন ও ৪.৬৭ কি.মি. ডেন নির্মাণ করা হয়। এছাড়াও কমিউনিটি ক্লিনিকে ২১টি কমিউনিটি ল্যাট্রিন, জনগুরুত্বপূর্ণ স্থানে ১২ টি পাবলিক টয়লেট, ২১টি হ্যান্ড ওয়াশ স্টেশন স্থাপন করা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

পাহাড়ী অঞ্চলে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শেরপুর জেলার জন্য একটি বড় চ্যালেঞ্জ। এছাড়াও সকল উপজেলায় আর্সেনিক ও আয়রনের মাত্রতিরিক্ত উপস্থিতি উদ্যোগের বিষয়। শুষ্ক মৌসুমে পানির স্থিতিতল নিচে নেমে যাওয়ায় বেশীরভাগ নলকূপ অকেজো অবস্থায় থাকে।

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হলো চাহিদার তুলনায় উপযুক্ত প্রকল্পের স্বল্পতা। এছাড়াও কিছু এলাকায় আর্সেনিক ও আয়রন সমস্যা বিদ্যমান থাকায় এলাকা সমূহে সঠিক প্রযুক্তির পানির উৎস নির্বাচন সমস্যা অন্যতম।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শেরপুর জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, জেলার প্রতিটি ইউনিটনে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। স্বাস্থ্য সম্মত উন্নত মানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ।

২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী অঞ্চলে বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন- ৬২৪ টি।
- কমিউনিটি ভিত্তিক স্মল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম- ৬৪ টি।
- পৌরসভায় ডেন নির্মাণ-১.১৮ কি.মি.।
- হতদরিদ্র পরিবারের জন্য টুইন পিট ল্যাট্রিন স্থাপন- ৬০০০ টি।
- লার্জ পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম- ০১ টি।
- সমন্বিত মানব বর্জ্য ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট- ০১ টি।
- পানির গুণগতমান নিশ্চিত কল্পে পানির নমুনা সংগ্রহ ও পরীক্ষা- ৬৮৮টি।